কালের কণ্ঠ

31 MAY 2017

# ঘুষ আদায়ের অভিযোগে শিক্ষা পরিদর্শক গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক ▷

বিদ্যালয় পরিদর্শনের সময় ঘুষ আদায়ের অভিযোগে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) এক সহকারী শিক্ষা পরিদর্শককে গ্রেপ্তার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। তাঁর নাম মোস্তাফিজুর রহমান। গতকাল মঙ্গলবার বিকেলে রাজধানীর পল্টনের পলওয়েল মার্কেট এলাকা থেকে ঘুষের দুই লাখ টাকাসহ তাঁকে গ্রেপ্তার করা হয়। এ ঘটনায় মোস্তাফিজুরের বিরুদ্ধে পল্টন থানায় মামলা দায়ের করা হয়েছে।

দুদকের জনসংযোগ কর্মকর্তা প্রণব কুমার ভট্টাচার্য কালের কণ্ঠকে বলেন, একটি স্কুলের পক্ষে ইতিবাচক রিপোর্ট দেওয়ার জন্য মোস্তাফিজুর রহমান স্কুল কর্তৃপক্ষের কাছে তিন লাখ টাকা দাবি করেন। টাকা না পেলে নেতিবাচক রিপোর্ট দেওয়া হবে বলে হুমকি দেন। ভুক্তভোগীদের এমন অভিযোগের পর গতকাল বিকেল ৫টার দিকে পলওয়েল মার্কেট এলাকা থেকে ঘুষের দুই লাখ টাকাসহ মোস্তাফিজুরকে গ্রেপ্তার করা হয়। এ ঘটনায় মামলা হয়েছে। তাঁকে আজ বুধবার জেলহাজতে পাঠানো হবে বলে জানান প্রণব কুমার ভট্টাচার্য।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেছেন, শিক্ষা ক্যাডারের ওই কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

দুদক ও পুলিশ সূত্র জানায়, দুদকের ঢাকা বিভাগের পরিচালক নাসিম আনোয়ারের নেতৃত্বে ১১ সদস্যের একটি দল মোস্তাফিজুর রহমানকে গ্রেপ্তার করে। মোস্তাফিজুর কয়েক দিন আগে পিরোজপুরের নাজিরপুর উপজেলার ১০টি বিদ্যালয় পরিদর্শন করেন। পরে ঢাকায় এসে ওই সব বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের ফোনে জানান, প্রত্যেক শিক্ষকের এক মাসের বেতন হিসাব করে মোট টাকা দিতে হবে। তাঁর ওই দাবি মেনে না নিলে 'খারাপ' প্রতিবেদন দেওয়া হবে। এই ভয়ে ওই সব বিদ্যালয়ের একেকজন প্রধান শিক্ষক ঢাকায় এসে টাকা দিয়ে যান। ওই কর্মকর্তা নিজের অফিসে না বসে ঢাকার বিভিন্ন এলাকায় বসে এ টাকা আদায় করেন। একটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওই কর্মকর্তার সঙ্গে টাকা নিয়ে দেখা করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর